দৈনিক সংবাদ

২৯/৭/২০০১

তারিখ ........

১০ কলাম ........

# একীভূত শিক্ষা সম্পর্কে কর্মশালা

প্রতিবন্ধী শিশুদের একীভূত শিক্ষার মাধ্যমে লেখাপড়ার সুযোগ সৃষ্টির প্রয়োজনীয়তার বিষয়টি বর্তমান জাতীয় শিক্ষানীতি-২০০০-এ উল্লেখ নেই। এ নবঘোষিত শিক্ষা নীতিতে প্রতিবন্ধী শিশুদের শিক্ষার সুযোগ সৃষ্টির প্রয়োজনে সনাতন শিক্ষা পদ্ধতির কাঙ্ক্ষিত পরিবর্তন দৃশ্যমান হয়নি; এ বিষয়ে কোন সুনির্দিষ্ট নীতিমালাও নেই।

একীভূত শিক্ষার প্রয়োজনীয়তার আলোকে ইউনেস্কোর উদ্যোগে ইউসেপ-বাংলাদেশ, সেভ দ্য চিলড্রেন ও বাংলাদেশ প্রতিবন্ধী ফাউন্ডেশনের সহযোগিতায় গত ২৩-২৫শে জুলাই, ২০০১, মিরপুরে অবস্থিত ইউসেপ-বাংলাদেশের চেইনি হলে তিন দিনের একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় বিভিন্ন সরকারি, বেসরকারি ও আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিরা অংশগ্রহণ করেন। কর্মশালায় মূল প্রবন্ধ পাঠ করেন প্রফেসর জিয়াউর রহমান, মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর। প্রবন্ধে তিনি শিশু অধিকার সম্পর্কিত বিভিন্ন আন্তর্জাতিক চুক্তি ও ঘোষণা এবং এসবের প্রতি বাংলাদেশ সরকারের সমর্থনের কথা উল্লেখ করেন। ইউনেস্কোর বাংলাদেশ প্রতিনিধি ড. আনসার আলী খান কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ইউসেপ-বাংলাদেশের নির্বাহী পরিচালক ড. এম.বি জামান কর্মশালায় সভাপতিত্ব করেন। সংবাদ বিজ্ঞপ্তি।